156033 - যে নারীর স্রাব নির্গত হচ্ছে এবং এর মধ্যে রক্তের একটি সুতা রয়েছে

প্রশ্ন

আমার স্বচ্ছ সাদাস্রাব নির্গত হচ্ছে। এতে রক্তের একটি সুতা রয়েছে। উল্লেখ্য, দুইমাস ধরে আমার মাসিক হয়নি। এখন মাসিক হওয়ার সময়। কারণ আমি মাসিকের পার্শ্ব-প্রতিক্রিয়াগুলো অনুভব করছি...। আমি কি রোযা রাখব; নাকি নয়?

প্রিয় উত্তর

হায়েয একটি পরিচিত তরল রক্ত। যেমনটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফাতেমা বিনতে হুবাইশকে বলেছেন: "নিশ্চয় হায়েযের রক্ত কালো রঙের পরিচিত রক্ত। যদি সেটা হয় তাহলে তুমি নামায ছেড়ে দিবে। আর যদি অন্য কোন রক্ত হয় তাহলে ওযু করে নামায পড়বে।"[সুনানে নাসাঈ (২১৬), আলবানী হাদিসটিকে সহিহু সুনানে নাসাঈ গ্রন্থে সহিহ বলেছেন]

হায়েযের কিছু আলামত রয়েছে; যা নারীদের অজানা নয়। রঙ হচ্ছে— কালো বা গাঢ় লাল। গন্ধ হচ্ছে— খারাপ। অনুরূপভাবে এটি ঘন। এ রক্তটি জরায়ু থেকে নির্গত হয়। তাই এটি এক ফোঁটা বা কয়েক ফোঁটা হয় না। কিংবা সুতার মত হয় না।

শাইখ বিন উছাইমীন (রহঃ) কে জিজ্ঞেস করা হয়:

যদি রমযানের দিনের বেলায় কোন নারীর শরীর থেকে সামান্য কয়েক বিন্দু রক্ত নির্গত হয় এবং গোটা রমযান মাসে এ ধরণের রক্তপাত অব্যাহত থাকে; কিন্তু সে রোযা রাখতে থাকে— তার রোযা কি সহিহ? জবাবে তিনি বলেন: হ্যাঁ; তার রোযা সহিহ। রক্তের এ বিন্দুগুলো কিছুই নয়। কেননা এ রক্তগুলো শিরার রক্ত। আলী বিন আবু তালেব থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন: এ বিন্দুগুলো নাক দিয়ে পড়া রক্তের মত; হায়েয নয়। আলী (রাঃ) থেকে এমনটি উল্লেখ করা হয়।[সিত্তুনা সুআলান ফিল হায়েয (পৃষ্ঠা-৬)]

এ আলোচনার ভিত্তিতে আপনার শরীর থেকে যে রক্ত নির্গত হচ্ছে সেটা হায়েয নয়। আপনার উপর রোযা রাখা অনিবার্য।

আল্লাহ্ই সর্বজ্ঞ।